

ঢাকা ওয়াসা

অফিসঃ ঢাকা পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ (ঢাকা ওয়াসা)

শাখাঃ মডস জোন-১

নথি নম্বর: ৪৬.০৫.০০০০.৪০৪.৭০.০৫৪.২২

বিষয়: **Repairing & Maintenance of 225 mm & 160 mm dia water line Leakage and Remove dirty & bad smell of water from H#33, North Jatrabari, H#94, North Jatrabari, H#107/13/1, Jatrabari North Road Under MODS Zone-1, Dhaka WASA.**

অনুচ্ছেদ: ১.০


উপরোক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, অত্র জোনের আওতাধীন হোল্ডিং#৯৪, উওর যাত্রাবাড়ী, ও হোল্ডিং#১০৭/১৩/১, উত্তর যাত্রাবাড়ী এবং আশেপাশের এলাকায় গ্রাহকগণ বেশ কয়েকদিন যাবৎ ময়লা পানি পাচ্ছেন মর্মে ঢাকা ওয়াসা লিংক ১৬১৬২ হইতে অভিযোগ পাওয়া গেছে (কপি সংযুক্ত) এবং হোল্ডিং#৩৩, উওর যাত্রাবাড়ী, এলাকায় পানির লাইন লিকেজ হয়ে প্রচুর পানির অপচয় হচ্ছে মর্মে ঢাকা ওয়াসা লিংক ১৬১৬২ হইতে অভিযোগ পাওয়া গেছে (কপি সংযুক্ত)। উক্ত অভিযোগের প্রেক্ষিতে উপ-বিভাগীয় প্রকৌশলী সহ সরেজমিনে সাইট পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে দেখা যায় যে, গ্রাহকগণ বেশ কয়েকদিন যাবৎ সরবরাহ লাইন হতে ময়লা পানি পাচ্ছেন। গ্রাহকগণ যে পানি পাচ্ছেন তা কালচে বর্ণের এবং পানের অযোগ্য। ফলে জরুরী ভিত্তিতে উক্ত এলাকায় ময়লা পানি দূরীকরণের জন্য ময়লা পানির উৎস খুঁজে বের করা প্রয়োজন। তাই আলোচ্য এলাকায় ময়লা পানি দূরীকরণ কাজের জন্য সরবরাহ লাইনের বেশ কয়েকটি স্থানে কেটে ওয়াশ করা প্রয়োজন। এছাড়া বেশ কয়েকটি সার্ভিস কানেকশনের গোড়া চেক করা প্রয়োজন এবং হোল্ডিং#৩৩, উওর যাত্রাবাড়ী, সংলগ্ন পানির লাইন লিকেজ হয়ে প্রচুর পানির অপচয় হচ্ছে। পানির লাইন লিকেজ হওয়ায় যানবাহন ও জনসাধারণের চলাচলে ভীষন অসুবিধার সৃষ্টি হচ্ছে এবং পানির লাইন লিকেজের ফলে ময়লা পানি প্রবেশ করার সম্ভাবনা রয়েছে। তাই জরুরী ভিত্তিতে ময়লা পানির অভিযোগ সমাধান করা সহ পানির লাইনের লিকেজ মেরামত করা প্রয়োজন। পানির লাইনের লিকেজ মেরামত করাসহ ময়লা ও দুর্গন্ধযুক্ত পানি দূরীকরণ করা হইলে উক্ত এলাকাবাসী উপকৃত হইবে। উক্ত কাজের প্রয়োজনীয় পাইপ মডস জোন-১ এর সাব-ষ্টোর হইতে সরবরাহ করা হবে। অন্যান্য মালামাল ও লেবার বাহির হতে নিয়োজিত করে কাজ করতে হবে। সেই প্রেক্ষিতে কাজ গুলো সুষ্ঠুভাবে সম্পাদনের জন্য ঢাকা ওয়াসার রেইট সিডিউল অনুযায়ী একটি প্রাক্কলন তৈরী করা হল। প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে ৳ ৪৭,৭৫২.০০/- (সাতচল্লিশ হাজার সাতশত বাহান দশমিক শূন্য শূন্য) টাকা মাত্র। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-১ এর ২০২২-২৩ইং অর্থ বৎসরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার ক্রমিক নং ডি-২(২৪) এর জরুরী পানির লাইন রক্ষণাবেক্ষণ খাত হতে নির্বাহ করা হবে। কাজটি করা অত্যন্ত জরুরী।

সংযুক্তি


১	(১) ২০২২-২৩ কর্ম পরিকল্পনার ফটোকপি।
২	(২) ১৬১৬২ হতে প্রাপ্ত অভিযোগ।
৩	(৩) কাজের প্রাক্কলন।

অনুচ্ছেদ: ১.১

এমতাবস্থায়, বিভাগীয় কাজের স্বার্থে মডস জোন-১ এর আওতাধীন হোল্ডিং#৯৪, উওর যাত্রাবাড়ী, ও হোল্ডিং#১০৭/১৩/১ উত্তর যাত্রাবাড়ী এবং আশেপাশের এলাকায় ময়লা পানির অভিযোগ সমাধান এবং হোল্ডিং#৩৩, উওর যাত্রাবাড়ী এলাকায় পানির লাইন লিকেজ মেরামত কাজের জন্য পি.পি.আর-২০০৮ এর প্রবিধি ৭৬/১(ট) অনুসরণে ঠিকাদার এ আর এন্ড ব্রাদার্স এর সাথে সরাসরি চুক্তি প্রক্রিয়ায় কাজ সম্পাদন সহ ৳ ৪৭,৭৫২.০০/- (সাতচল্লিশ হাজার সাতশত বাহান দশমিক শূন্য শূন্য) টাকা মাত্র। প্রাক্কলনটি সদয় অনুমোদন দেয়া যেতে পারে।



১০-০৯-২০ ২২ ১৩:১১:২৩
মোঃ মেহেদীন হাসান
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-১



১০-০৯-২০ ২০ ১৬:১৮:১৪
এম এম ফরিদ আহমেদ
উপ-বিভাগীয় প্রকৌশলী (চলতি দায়িত্ব)
মডস জোন-১

নথি | অফিস ব্যবস্থাপনা

- e -